



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৯৯৯

তারিখ: ২৮.১১.২০১৬

বিষয়: এসএসসি পরীক্ষা ২০১৭ এর শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানপ্রধানকে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা ২০১৭ এর অংশগ্রহণকারী সকল নিয়মিত পরীক্ষার্থী ও অনিয়মিত পরীক্ষার্থীদের শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা এনসিটিবি এর নির্দেশনা অনুসারে স্ব স্ব প্রতিষ্ঠান সম্পন্ন করে প্রাপ্ত নম্বর প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন। প্রবেশপত্র পাওয়ার পর বৈধ পরীক্ষার্থীদের নাম, রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর গালাসীলযুক্ত খামে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট প্রেরণ করবেন। তৃতীয় পরীক্ষা শেষে কেন্দ্র সচিব অন্যান্য বিষয়ের ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর এর সাথে বর্ণিত বিষয়ের প্রাপ্ত নম্বর বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে বোর্ডে প্রেরণ করবেন এবং হার্ডকপি হাতে হাতে বোর্ডে জমা দিবেন।

বিঃদ্রঃ শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের হাজিরা পত্র অন্যান্য ব্যবহারিক বিষয়ের হাজিরা পত্রের সঙ্গে বোর্ডে জমা দিতে হবে।

তপন কুমার সরকার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন- ৯৬৬৯৮১৫

প্রধান শিক্ষক/ কেন্দ্র সচিব

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।